# সামরিক ও রাজনৈতিক দুই ক্ষেত্রেই ইরানের জয় হয়েছে: গালিবাফ



ইরানের স্পিকার গালিবাফ। ছবি: সংগৃহীত

চলমান সংঘাতের মধ্যে সামরিক ও রাজনৈতিক উভয় ক্ষেত্রেই ইরান সাফল্য পেয়েছে বলে দাবি করেছেন দেশটির পার্লামেন্টের স্পিকার মোহাম্মদ বাঘের গালিবাফ। রোববার (১৬ আগস্ট) ইরানের আধা-সরকারি সংবাদমাধ্যম ফার্স নিউজে প্রকাশিত এক বক্তব্যে সংঘাতের বর্তমান পরিস্থিতি নিয়ে নিজের অবস্থান তুলে ধরেন তিনি।

গালিবাফ বলেন, যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের নেতৃত্বে ইরানের বিরুদ্ধে যে সামরিক অভিযান চালানো হয়েছে, সেটি ছিল একটি ‘কাপুরুষোচিত যুদ্ধ’। তার দাবি, প্রতিকূল পরিস্থিতির মধ্যেও ইরানের জনগণ দৃঢ়তা ও সাহসের সঙ্গে প্রতিরোধ করেছে।

যুক্তরাষ্ট্রের সঙ্গে হওয়া সমঝোতা স্মারকের প্রসঙ্গ টেনে তিনি বলেন, এই দলিল ইরানের জন্য সম্মান ও সাফল্যের প্রতীক। তার মতে, কূটনৈতিক প্রক্রিয়ার মাধ্যমে অর্জিত সাফল্যগুলোকে আরও সুসংহত করার ক্ষেত্রেও এই সমঝোতা গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছে।

LENS ASIA